

এক মাস পূর্বেই 'সামিট এলএনজি' থেকে প্রাকৃতিক গ্যাস সরবরাহ শুরু



ছবি ক্যাপশন: ফাস্ট ড্রু-বোট সামিট পিএসএ-৫ এবং তার সাথে বন্দর সেবাপ্রদানকারি জাহাজসমূহ মহেশখালি উপকূলে 'সামিট এলএনজি'কে সঙ্গ প্রদান করছে।

(কক্সবাজার, বাংলাদেশ) ২৯শে এপ্রিল ২০১৯, সোমবার:

সামিট এলএনজি টার্মিনাল কোম্পানি লিমিটেডের (এসএলএনজি) ফ্লোটিং স্টোরেজ এন্ড রিগ্যাসিফিকেশন ইউনিট (এফএসআরইউ) আজ ২৯শে এপ্রিল ২০১৯ রাত ১০টায় সফলভাবে তার কমিশনিং সম্পন্ন করেছে। নির্ধারিত সময়ের প্রায় এক মাস আগেই সামিট এই গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করতে সক্ষম হলো, যা সরকারের সম্পদ সংরক্ষণে ভূমিকা রাখার পাশাপাশি অধীর অপেক্ষায় থাকা বহু গৃহস্থালি এবং শিল্পকারখানায় অতি প্রয়োজনীয় গ্যাস সরবরাহ নিশ্চিত করবে।

সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “বাংলাদেশে বিনিয়োগকারীদের এই ভেবে আশ্বস্ত হওয়া প্রয়োজন যে জ্বালানি, গ্যাস এবং বিদ্যুৎ তাদের শিল্প প্রতিষ্ঠানের জন্য সহজলভ্য হবে। আমাদের ‘সামিট এলএনজি’র ৫০০ মিলিয়ন ঘনফুট গ্যাস তাদের এই আস্থা অর্জন করতে সাহায্য করবে। মুক্ত বাজার অর্থনীতিতে চাহিদা এবং সরবরাহ দাম নির্ধারণে একটি বড় বিষয়। যদিও বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনই (বিইআরসি) নায্য দাম নির্ধারণ করবে। একমাত্র নায্য দামই নিরবচ্ছিন্ন গ্যাস এবং বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে পারে।” তিনি আরও বলেন, “আমরা এই সুযোগ প্রদানের জন্য বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, পেট্রোবাংলা এবং রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেডের (আরপিজিসিএল) কাছে কৃতজ্ঞ।”

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসানা | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫।